## উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা :

তারিখ: ১৩.০৩.২০২৫, সময়: সকাল ১০: ০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

(জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্র: নং | পদবী | নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | | | | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ। | ডাঃ মোঃ ইকবাল হাসান | ০১৭৩৭ ৩৭৩১৮২ | |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ। | [illegible] | 01788747460 | |
| ০৪ | উপজেলা কৃষি কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোঃ আহসান হাবীব | ০১৭০০ ৭১৬১১৪ | |
| ০৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোঃ আল আমিন | ০১৭৬৯ ৪৫৯৮৬৬ | |
| ০৬ | উপজেলা প্রকৌশলী এলজিইডি, শান্তিগঞ্জ। | মোঃ সাজেদুল আলম | ০১৭০৮ ১৬১৬৮১ | |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোঃ কামাল উদ্দিন | ০১৭১৬ ০০৯৬১৭ | |
| ০৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোঃ সেলিম খাঁন | ০১৭১৮ ০৬৪৮৮০ | |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোঃ আনিসুর রহমন | ০১৭২১ ৬৩৬৩২০ | |
| ১০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শান্তিগঞ্জ। | তাছলিমা আক্তার লিমা | ০১৯১৫ ৫৮৬৫৭৬ | |
| ১১ | উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোহাম্মদ রুহুল হাসান | ০১৭১২ ৭৬৯৫৯৫ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। | স্বন্দীপ বিশ্বাস | ০১৭৫৮ ১৩২৮৩৯ | |
| ১৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোঃ জাহাঙ্গীর আলম | ০১৭১৯ ৯৮২৭৬০ | |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শান্তিগঞ্জ। | | ০১৭১১ ১৬৯৮৮৬ | |
| ১৫ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোঃ মাসুদ সরকার | ০১৬৭৩ ৩৮৬৭০৯ | |
| ১৬ | উপজেলা উপ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য শান্তিগঞ্জ। | মোঃ আতিউর রহমান | ০১৮২১ ৯৭১৮৪৩ | |
| ১৭ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ। | নেহার রাণী চৌধুরী | ০১৭৫৪ ১৩৯৫০২ | |
| ১৮ | উপজেলা খাদ্য বিষয়ক কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোহাম্মদ আব্দুর রব | ০১৭১২ ৭২০৯১৭ | |
| ১৯ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। | অসীম বরণ তালুকদার | ০১৬৭০ ৫৯১৭৫১ | |
| ২০ | বন সংরক্ষণ কর্মকর্তা, শান্তিগঞ্জ। | | | |
| ২১ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক শান্তিগঞ্জ। | নীতিশ চন্দ্র বর্মন | 01938-879[illegible] | |
| ২২ | এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি শান্তিগঞ্জ। | মোঃ ইয়াসিন মাহমুদ | ০১৭৬৯ ৪০৭২৪০ | |
| ২৩ | চেয়ারম্যান, জয়কলস ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। | আব্দুল বাছিত সুজন | ০১৭৮৮ ৫৭৩০৪০ | |
| ২৪ | চেয়ারম্যা, পাথারিয়া ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। | মোঃ শহীদুল ইসলাম | ০১৭৯৯ ৭০৪৮৫৬ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। | স্বন্দীপ বিশ্বাস | ০১৭৫৮ ১৩২৮৩৯ | |
| ১৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোঃ জাহাঙ্গীর আলম | ০১৭১৯ ৯৮২৭৬০ | |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শান্তিগঞ্জ। | | ০১৭১১ ১৬৯৮৮৬ | |
| ১৫ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোঃ মাসুদ সরকার | ০১৬৭৩ ৩৮৬৭০৯ | |
| ১৬ | উপজেলা উপ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য শান্তিগঞ্জ। | মোঃ আতিউর রহমান | ০১৮২১ ৯৭১৮৪৩ | |
| ১৭ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ। | নেহার রাণী চৌধুরী | ০১৭৫৪ ১৩৯৫০২ | |
| ১৮ | উপজেলা খাদ্য ~~বিষয়ক~~ নিয়ন্ত্রক কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোহাম্মদ আব্দুর রব | ০১৭১২ ৭২০৯১৭ | |
| ১৯ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। | অসীম বরণ তালুকদার | ০১৬৭০ ৫৯১৭৫১ | |
| ২০ | বন সংরক্ষণ কর্মকর্তা, শান্তিগঞ্জ। | | | |
| ২১ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক শান্তিগঞ্জ। | | | |
| ২২ | এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি শান্তিগঞ্জ। | মোঃ ইয়াসিন মাহমুদ | ০১৭৬৯ ৪০৭২৪০ | |
| ২৩ | চেয়ারম্যান, জয়কলস ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। | আব্দুল বাছিত সুজন | ০১৭৮৮ ৫৭৩০৪০ | |
| ২৪ | চেয়ারম্যা, পাথারিয়া ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। | মোঃ শহীদুল ইসলাম | ০১৭৯৯ ৭০৪৮৫৬ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | চেয়ারম্যান, শিমুলবাক ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। | শাহীনুর রহমান | ০১৭০৮ ৭৯৬৮৪৪ | |
| ২৬ | চেয়ারম্যান,পূব বীরগাঁও ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। প্যানেল চেয়ারম্যান | রুহেল আহমদ | 01712-85622 10 | রুহেল আহমদ |
| ২৭ | চেয়ারম্যান, পশ্চিম বীরগাঁও ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। | লুৎফুর রহমান জায়গীরদার খোকন | ০১৭১৮ ১০৬৪৫০ | |
| ২৮ | চেয়ারম্যান, পূব পাগলা ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। প্যানেল চেয়ারম্যান | মোঃ মাসুক মিয়া<br>মোঃ আবের [illegible] | ০১৭৪৫ ৮৭৪৮৬৩<br>01733907922 | |
| ২৯ | চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। | জগলুল হায়দার | ০১৭৪৮ ৯১৩৯৪৪ | Haider |
| ৩০ | চেয়ারম্যান, দরগাপাশা ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। | মোঃ সুফি মিয়া | ০১৭৩০ ১৭৮৬২৯ | |
| ৩১ | সদস্য, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ। (সংরক্ষিত সদস্য, ওয়াড নং-৭,৮ ও ৯, জয়কলস ইউনিয়ন পরিষদ)। | মোছাঃ আমিনা বেগম | ০১৭৮০ ০৯৪২২৩ | Amina |
| ৩২ | সদস্য, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ। (সংরক্ষিত সদস্য, ওয়াড নং-১,২ ও ৩, পশ্চিম বীরগাঁও ইউনিয়ন পরিষদ)। | জহুরা বিবি | ০১৭৩৪ ৭৫৯০৯৮ | জহুরা বিবি |
| ৩৩ | সদস্য, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ। (সংরক্ষিত সদস্য, ওয়াড নং-৭,৮ ও ৯- পশ্চিম পাগলা ইউনিয়ন পরিষদ)। | হালেমা বেগম | ০১৭৩৪৭৫৯০৯৮ | |

৩৪. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় 01823296531 Mamun

৩৫. চেয়ারম্যান, শিমুলবাক ইউনিয়ন, শাহীনুর

উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

## উপজেলা পরিষদের মার্চ/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব সুকান্ত সাহা ,প্রশাসক, উপজেলাপরিষদ, শান্তিগঞ্জ। |
| সভারস্থান: | : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ। |
| সভার তারিখ | : ১৩ মার্চ,২০২৫খ্রি: |
| সময় | : সকাল ১০.০০ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবেসভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবেনা বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণকরা হয়।অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কিনা সভায় জানতে চাওয়া হয়। | সিদ্ধান্ত ১ঃ কার্যবিবরণীতেকোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ/অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহীঅফিসার, শান্তিগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | বিগত মাসেরউপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলেরব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | |

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ, শান্তিগঞ্জকার্যালয়ের ফেব্রুয়ারি/২০২৫ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- |
| ০২ | উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ফেব্রুয়ারি/২০২৫ মাসের মাসিক,আপ্যায়নও অন্যান্য বিল ভ্যাটসহ | ২৩৭৯০/- |
| ০৩ | উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ফেব্রুয়ারি/২০২৫ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- |
| ০৪ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী বিল । | ১৫৪০০/- |
| ০৫ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী বিল । | ১৫৪০০/- |
| ০৬ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী বিল । | ১৫৪০০/ |
| ০৮ | জনাব মো; কামাল হোসেন, পরিচ্ছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মাসের মজুরী বিল | ১৫৪০০/ |
| | | |

বিভাগ ওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় অবহিত করেন যে, তিনি অত্র উপজেলায় বিগত ০৫/০২/২০২৫ খ্রিঃ শান্তিগঞ্জ উপজেলায় যোগদান করেন। ২০২৪-২০২৫ অর্থ বছরে আর্থিক উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) খাতের প্রকল্প চুরান্ত অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। যাচাই বাছাইয়ান্তে প্রকল্পগুলো চুড়ান্ত অনুমোদনের বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ মতামত প্রদান করেন। অনুমোদিত প্রকল্পগুলো জরুরী ভিত্তিতে E-GP সিস্টেমে টেন্ডার প্রক্রিয়া সম্পন্নকরণ এবং PIC ও RFQ এর মাধ্যমে বাস্তবায়নের কার্যক্রম শুরু করা হবে। সকল ইউপি চেয়ারম্যানগণকে দাখিলীয় প্রকল্প সংশ্লিষ্ট পি আইসি/কাগজাদি দাখিলের জন্য অনুরোধ করেন। পিডিপি-৪ প্রকল্পের আওতায় ৩৪ টি প্রাইমারি বিদ্যালয়ের বাউন্ডারী দেওয়াল চলমান রয়েছে সে সকল চলমান প্রকল্পের কাজ আগামী মে/২০২৫ এর মধ্যে সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। উক্ত বাউন্ডারী দেওয়াল নির্মাণ কাজে ভূমি সংক্রান্ত জঠিলতা নিরসণে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে সহযোগিতা রাখার জন্য অনুরোধ করেন। উজানীগাও সরকারি প্রাথমিক বিদ্যালয় এর ভবনটি তিন বছর এর অধিক সময় অতিবাহিত হওয়ায় যথাযথ কতৃপক্ষের অনুমোদনক্রমে চুক্তি বাতিলের প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়। | ১। ২০২৪-২০২৫ অর্থ বছরে আর্থি উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) এর অর্থায়নে দাখিলীয় প্রকল্পগুলো জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করতে হবে।<br>২. উজানীগাও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ দীর্ঘদিন যাবত বন্ধ থাকায় সংশ্লিষ্ট ঠিকাদারকে কালো তালিকাভূক্ত করা হয়। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ জানান যে, বর্তমানে ২০ জন রোগী ভর্তি রয়েছে। ৫০ জন রোগীর চিকিৎসা সেবা দেওয়ার যাবতীয় প্রস্তুতি রয়েছে। এ বিষয়ে সকলকে অবহিত করা হয়। এ মাস হতে রোগীদের পথ্য/খাবার দেওয়া শুরু হয়েছে। ল্যাব কার্যক্রম শুরু করা হয়েছে। মে-জুনের মধ্যে ৯.৫-১৫ বছর পর্যন্ত শিশুকে সারা বাংলাদেশে ৩.৫ কোটি টাইফয়েড রোগের ভ্যাকসিন দেওয়া হবে। আগামী ০২ মাসের মধ্যে ০৮টি ইউনিয়নে মা সমাবেশ/জনসচেতনতামূলক কর্মসূচী অনুষ্ঠিত হবে।<br>তাছাড়া তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা সেবা গ্রহণে রোগীদের আগ্রহী ও সচেতনতা বৃদ্ধি করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা শান্তিগঞ্জ।<br>২। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁয় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১) উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৪। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষিকর্মকর্তা ,শান্তিগঞ্জ সভায় জানান যে, কৃষি বিভাগের তত্তাবধানে একটি কৃষি ক্যালেন্ডার করা হয়েছে। উক্ত ক্যালেন্ডার অনুযায়ী আগামী ০৫ এপ্রিল হতে বোরো ধান কর্তন শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে এবং ৩০ মে/২০২৫ এর মধ্যে বোরো ধান কর্তন শেষ হওয়ার সম্ভবনা রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, অত্র উপজেলায় কি পরিমাণ ধান কর্তনের মেশিন বিতরণ করা হয়েছে এবং মেশিনের সর্বশেষ অবস্থা/চলমান/বিকল বিবরণ উল্লেখপূর্বক তালিকা দাখিলের জন্য অনুরোধ করেন। এবং সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে পি আইসির বাধ পরিদর্শন পূর্বক মতামত দেওয়ার জন্য অনুরোধ করেন। উপজেলা কৃষি অফিসার জানান যে, এ বছর হাওর রক্ষা বাধঁ পরিদর্শন গিয়ে দেখা যায় যে, কাজের মান সন্তোষজনক। নির্ধারিত সময়ে বোরো | ১. (ক) মেশিনের সর্বশেষ অবস্থা/চলমান/বিকল বিবরণ উল্লেখপূর্বক তালিকা দাখিল করতে হবে<br>(খ) পি আইসির বাধ পরিদর্শন করে মতামত দাখিল করতে হবে।<br>(গ) ধান কাটার মেশিনের মালিকদেরকে বৈশাখ মাসে বোরো ধান কর্তনের একর প্রতি হার নির্ধারণ করে দিতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা , শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ফসল কৃষকের ঘরে উঠবে বলে আশাবাদ ব্যক্ত করেন। চেয়ারম্যান, পাথারিয়া জানান যে, বৈশাখ মাসে চাহিদা ধান কাটার মেশিনের চাহিদা বেশি থাকার কারণে অনেক মেশিনের মালিকগণ কৃষকের কাছ থেকে ধান কাটার রেইট/হার বেশি আদায় করে থাকেন। ধান কর্তনের একর প্রতি হার নির্ধারণ করে তা ইউনিয়ন পরিষদ ও সকল কৃষকদের অবহিত করার জন্য অনুরোধ করেন। | | |
| ৫। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলাউপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা শান্তিগঞ্জ সভায় জানান যে, বিদ্যু সংযোগের কারণে ৪০টি পরিবারকে বরাদ্দকৃত সাবমারসিবল টিউবওয়েলের কাজ শুরু করা যাচ্ছে না। এ বিষয়ে পল্লী বিদ্যুৎতের দৃষ্টি আকর্ষণ করেন। জরুরী ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ দেওয়ার জন্য পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ করেন। বরাদ্দকৃত ডিপ টিউবওয়েলের কাজ চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | ১. সাবমারসিবল ও বরাদ্দকৃত ডিপ টিউবওয়েলের কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করতে হবে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান অত্র উপজেলায় ০১ টি স্থায়ী মৎস্য অভয়াশ্রম প্রস্তাব পাঠানোর নির্দেশনা রয়েছে, শান্তিগঞ্জ উপজেলায় ০৪ টি মৎস্য অভয়াশ্রম রয়েছে। জয়কলস সংলগ্ন অভয়াশ্রম ব্যতিত অন্যান্যগুলো পলিমাটি ভরাট হয়ে পানির গভীরতা কমে গেছে। নাইন্দা নদীর অভয়াশ্রম স্থায়ী ঘোষণা করলে ভালো হবে। | অত্র উপজেলার মৎস্য নিবন্ধন সঠিকভাবে কাজ করতে হবে। খনন কাজে উপজেলা প্রশাসনের সহযোগিতা অব্যাহত থাকবে। | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান তিনি বিগত মাসে অত্র উপজেলা যোগদান করেন। পাথারিয়া ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স ভবনের টিউবওয়েলটি নষ্ট ছিল, পাথারিয়া ইউপি চেয়ারম্যান, জনাব মোঃ শহীদুল ইসলাম জরুরী ভিত্তিতে তা সমাধান করেছেন। তাছাড়াও তাঁর বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে পরিষদকে অবহিত করেন। | ১) কার্যক্রমে আরও গতিশীলতা আনার **সিদ্ধান্ত গৃহীত হয়।** | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভার জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে টি আর প্রকল্পের ৯১টি আবেদন পাওয়া গেছে।প্রাপ্ত আবেদনগুলো যাচাইবাছাইপূর্বক অনুমোদনের নিমিত্ত জেলা প্রশাসক,সুনামগঞ্জ মহোদয়ের নিকট প্রেরণ করা হবে। তাছাড়াও তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে পরিষদকে অবহিত করেন। | টি আর প্রকল্পের আবেদনগুলো যাচাই বাছাই করে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিকশিক্ষা কর্মকর্তা,শান্তিগঞ্জ জানান যে,১ম-৫ম শ্রেণির সকল বই পাওয়া গেছে। বই বিতরণ কার্যক্রম শীগ্রই শুরু করা হবে। আগামী ২৫/০২/২০২৫খ্রিঃ হতে পবিত্র রমজানের বন্ধ হয়ে যাবে। পিডিবি-৪ এর আওতায় বাউন্ডারী দেওয়ালের কাজ চলমান রয়েছে। এ বিষয়ে ভূমি সংক্রান্ত জটিলতা নিরসনে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। তাছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | প্রাথমিক শিক্ষার মান বাড়াতে সবাইকে প্রাথমিক শিক্ষার প্রতি গুরুত্বের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,শান্তিগঞ্জ সভায় জানান মাধ্যমিক পর্যায়ের ছাত্রছাত্রীদের বই বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ০৩টি বিষয়ে ৭০০০ বই পাওয়া গেছে। সম্প্রতি ৮ম ও ১০ শ্রেণির | মাধ্যমিক শিক্ষার মান বাড়াতে মনিটরিং জোরদারসহ নির্বাচনী পরীক্ষার বিষয়ে গুরুত্ব | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা,শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | বাংলা,ইংরেজি,গণিত বই পাওয়া গেছে। সকল মাধ্যমিক বিদ্যালয় গুলোতে মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। তাছাড়াও তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে উপজেলা পরিষদ, অবহিত করেন। | দিতে হবে। | |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা শান্তিগঞ্জ সভার জানান যে, মডেল ভিলেজের সমবায় ঋণ আদায়ের জন্য কার্যক্রম চলমান। আদায়ের হার বৃদ্ধির জন্য ঋণ গ্রহীতারদের পত্র মারফত তাগিদ দেওয়া হচ্ছে। ঋণগ্রহীতার সংখ্যা ২৪৬ জন্য আদায়ের হার ৩০%। খেলাপী ঋণ গ্রহীতাদের বিরুদ্ধে সার্টিফিকেট মামলা আদায়ের বিষয়ে আলোচনা করা হয়। খেলাপীর কারণে ভালো সদস্যদের পুনরায় ঋণ বিতরণ করা যাচ্ছে না। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার জোর তাগিদ দেন। তাছাড়া তিনি বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে পরিষদকে অবহিত করেন। | মডেল ভিলেজের সমবায় ঋণ আদায়ের জন্য সরেজমিন পরিদর্শন করে ঋণ খেলাপীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১.উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান প্রতিটি ইউনিয়ন থেকে নতুন বয়স্ক ভাতা, বিধবা ভাতার বাছাইকৃত তালিকা পাঠানো হয়েছে। প্রতিটি ইউনিয়ন থেকে বয়স্ক ভাতা, বিধবা ভাতা এবং প্রতিবন্ধী ভাতার প্রতিস্থাপন তালিকা আগামী সপ্তাহের মধ্যে প্রেরণের জন্য উপজেলার ০৮টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়েছে। উপজেলায় রোগীকল্যাণ সমিতির কার্যক্রম আগামী মাস থেকে শুরু করা হবে। | ০১. সামাজিক নিরাপত্তা ভাতাগুলো সঠিকভাবে | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,শান্তিগঞ্জ সভায় জানান যে, সরকারি সিদ্ধান্তমতে ইতিপূর্বে নিয়োগকৃত খাদ্যবান্ধব ডিলার বাতিল হয়ে যাবে। ওএমএস কার্যক্রম চালু আছে। খাদ্য বান্ধব কর্মসূচী চালু হবে। জুলাই/২৫ হতে নতুন ডিলার নিয়োগ করা হবে। চেয়ারম্যান শিমুলবাক ও পশ্চিম পাগলা জানান যে, ডিলারগণ মালামাল বিতরণের সময় ইউপি চেয়ারম্যানগণকে অবহিত করেন না। টিসিবি কার্ড সংক্রান্ত যেকোনো সমস্যা জরুরী ভিত্তিতে সমাধানের জন্য উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন। উপযুক্ত কারণ ব্যতিত টিসিবি কার্ড বাতিল না করার জন্য অনুরোধ করেন। | ডিলারগণ মালামাল বিতরণের সময় ইউপি চেয়ারম্যানগণকে অবহিত করতে হবে এবং খাদ্যবান্দব/ওমএস ও অন্যান্য কার্যক্রমে গতিশীলতা আনতে হবে। | ১. খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান যে, বর্তমানে কৃষি পরিসংখ্যান ও সিটিজেন সার্ভিসের কাজ চলমান। এর বাইরে রুটিনমাফিক বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | জরিপ কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, শান্তিগঞ্জ |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা ,শান্তিগঞ্জ সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে উপজেলা পরিষদকে অবহিত করেন। | কার্যক্রম ও প্রশিক্ষণে আরো গতিশীলতা আনতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, শিমুলবাক গ্রাম উন্নয়ন প্রকল্পের জড়িপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। মোট ১০০ জনকে বিভিন্ন ট্রেডে নির্বাচন করা হয়েছে। নির্ধারিত ০৪টি ট্রেডে ০৫ জন প্রশিক্ষানার্থী মনোনয়নের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তাদের ঢাকায় বিভিন্ন কারিগরি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হবে। খেলাপী লোন আদায়ের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। | কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শান্তিগঞ্জ শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১.উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্র মসম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান। অত্র বিভাগের দরজা মেরামত ও অফিসের পার্টিশন স্থাপন করা জরুরী। ছাঁদ থেকে পানি লিকেজ হয়। বর্ষাকালে অফিসের জরুরী কাগজাদি ভিজে নষ্ট হতে পারে। এ বিষয়ে উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন । এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | জরুরী ভিত্তিতে মেরামত কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লীসঞ্চয়ব্যাংক, শান্তিগঞ্জ সভায় জানান তাঁর প্রতিষ্ঠানের ঋণ আদায়ের লক্ষ্যমাত্রার বিপরীতে আদায়ের হার ৪৬% ও ঋণ বিতরণের হার ৫৪%। বর্তমানে শাখায় খেলাপীর হার ৫৪%। তাছাড়াও বিভাগীয় কার্যক্রম সম্পর্কে পরিষদকে অবহিত করেন। | ঋণ আদায় কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | ১.ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২১ | বিবিধ আলোচনা | (ক) সভায় নিম্নোক্ত প্রকল্পগুলোর বিষয়ে বিস্তারিত আলোচনা ক রা হয়। | | |
| | | ১. জনাব মোঃ শহীদুল ইসলাম, চেয়ারম্যান, পাথারিয়া ইউপি ও জনাব শাহিনুর রহমান, চেয়ারম্যান, শিমুলবাক ইউপি জানান যে, গণিগঞ্জ-শিমুলবাক রাস্তাটি জনগুরুত্বপূর্ণ একটি রাস্তা। রাস্তাটি নির্মাণ সংক্রান্ত সামগ্রী যেমন-ইট ও বালু নিম্নমাণের এ বিষয়ে সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জকে অনুরোধ করেন। | (১) গণিগঞ্জ-শিমুলবাক রাস্তাটি জনগুরুত্বপূর্ণ একটি রাস্তা। রাস্তাটি নির্মাণে কোনো ধরণের অনিয়ম যেনো না হয় তা পর্যবেক্ষণ করতে হবে। | ১.উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ |
| | | (২) সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান টিসিবির পণ্য/খাদ্যদ্রব্য বিতরণের সময় গ্রাহকে স্মার্ট কার্ড ও মোবাইল নিয়ে যেতে হবে। বর্তমান সরকার অতিদ্রুত একটি জনবান্ধব প্রক্রিয়া অনুসরণ করে টিসিবির কার্ড চালু করেছেন। অত্র উপজেলায় ৩২০০ কার্ডের মধ্যে ১৩০০ বিতরণ করা হয়েছে। বাকী কার্ড আগামী ০২ দিনের মধ্যে বিতরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে জরুরী নির্দেশনা প্রদান করেন। উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ জানান যে, নাম, ঠিকানা ও মোবাইল নাম্বারে ত্রুটি থাকার কারণে কার্ড বিতরণে বিলম্ব হচ্ছে।সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে. ত্রুটিপূর্ণ কার্ড জরুরী ভিত্তিতে ত্রুটি সংশোধন করতে হবে। আগ্রহী না থাকলে উপযুক্ত কারণ উল্লেখ করে তা বাতিলপূর্বক অবহিত করতে হবে। | (২) জরুরী ভিত্তিতে টিসিবির কার্ড বিতরণ কার্যক্রম শেষ করতে হবে। | ২. ইউপি চেয়ারম্যান (সকল),শান্তিগঞ্জ। |
| | | (৩) উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, বিগত ২৪/০১/২০২৫ তারিখে শান্তিগঞ্জ উপজেলায় "বিয়াম ল্যাবরেটরি স্কুল,শান্তিগঞ্জ" এর শুভ উদ্বোধনী অনুষ্ঠানের মধ্যে দিয়ে প্রতিষ্ঠানটির আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। উদ্বোধনী অনুষ্ঠানে ড.মোহাম্মদ ইলিয়াস মিয়া, জেলা প্রশাসক,সুনামগঞ্জ মহোদয় নিম্নস্বাক্ষরকারীসহ জেলা ও উপজেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, সম্মানিত জমিদাতা ১. জনাব ডাঃ আবু সাঈদ আলী আহমদ, পিতা-মৃত ইমতিয়াজ আলী, মাতা-মৃত-হালিমা খাতুন ২. ডাঃ সুলতানা ওয়াহেদ | ৩. "বিয়াম ল্যাবরেটরি স্কুল" এর নাম পরিবর্তন করে "জেলা প্রশাসন **ল্যাবরেটরি হাই স্কুল, আস্তমা, শান্তিগঞ্জ" নামকরণ** সংক্রান্ত বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ৩.উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | চৌধুরী, স্বামী-জনাব ডাঃ আবু সাঈদ আলী আহমদ, পিতা-মৃত-আব্দুল ওয়াহেদ চৌধুরী, রাজনৈতিক নেতৃবৃন্দ, শিক্ষক/শিক্ষিকাবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ, স্থানীয় এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণিপেশার লোকজন উপস্থিত ছিলেন। বিদ্যালয়টির উপযুক্ত শিক্ষার পরিবেশ তৈরি, অবকাঠামোগত উন্নয়ন, বিদ্যালয়ের প্রতি শিক্ষার্থীদের আগ্রহ বৃদ্ধিসহ,অন্যান্য বিষয়ে জেলা প্রশাসক,সুনামগঞ্জ স্কুল পরিচালনায় সরাসরি সম্পৃক্ত থাকলে স্কুলটির সামগ্রিক বিষয়ে উন্নয়ন ঘটবে মর্মে উপস্থিত ব্যক্তিবর্গ অভিমত ব্যক্ত করেছেন। সম্মানিত জমিদাতা, রাজনৈতিক নেতৃবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ, শিক্ষানুরাগী অভিভাবকবৃন্দ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের অভিমতের প্রেক্ষিতে শান্তিগঞ্জ উপজেলাধীন "বিয়াম ল্যাবরেটরি স্কুল" এর নাম পরিবর্তন করে "জেলা **প্রশাসন ল্যাবরেটরি হাই স্কুল, আস্তমা, শান্তিগঞ্জ"** এর নামে বিদ্যালয়টি পরিচালনাসহ অন্যান্য সকল ক্ষেত্রে সংশোধিত নামটি ব্যবহার করার বিষয়ে উপস্থিত সবাই মতামত প্রদান করেন। উক্ত সিদ্ধান্তের আলোকে "বিয়াম ল্যাবরেটরি স্কুল" এর নাম পরিবর্তন করে "জেলা **প্রশাসন ল্যাবরেটরি হাই স্কুল, আস্তমা, শান্তিগঞ্জ" নামকরণ** সংক্রান্ত বিষয়ে উপজেলা পরিষদের মাসিক সভায় আলোচনা করা হয়। উপস্থিত সদস্যবৃন্দ প্রস্তাবিত "জেলা **প্রশাসন ল্যাবরেটরি হাই স্কুল, আস্তমা, শান্তিগঞ্জ"** নামে বিদ্যালয়ের নামকরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করেন। উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ উপস্থিত সকলকে বিদ্যালয়টি পরিদর্শনের জন্য অনুরোধ করেন। সরকারি দায়িত্ব পালনের পাশাপাশি উক্ত বিদ্যালয়ে শিক্ষার্থীদের ক্লাস নেওয়ার জন্য সকল অফিসারবৃন্দকে অনুরোধ জানান। | | |
| | | (৪) সভায় উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ জানান যে, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা-২ শাখা) এর স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪.৭২৫, তারিখ-০৯ মার্চ, ২০২৫ খ্রিঃ মূলে উপজেলা পরিষদ ভবন মেরামত, উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটারের, নন গেজেটেড কোয়াটার মেরামত, উপজেলা পরিষদের বাউন্ডারী দেওয়াল মেরামত, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও উপজেলা পরিষদের অভ্যন্তরীণ স্থাপনাসমূহ মেরামত সংস্কার বাবদ প্রাপ্ত ৪০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। যেহেতু প্রকল্পগুলি উপজেলা পরিষদের অভ্যন্তরীণ কাজ এবং কাজগুলো জরুরী ভিত্তিতে শেষ করা প্রয়োজন। জরুরী ভিত্তিতে কাজ সম্পন্ন করা কাজের গুনগত মান বজায় রাখার স্বার্থে বর্ণিত কাজগুলো আরএফকিউ (RFQ) পদ্ধতিতে বাস্তবায়নের জন্য সভায় আলোচনা করা হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, কাজের গুনগত মান বজায় রাখা ও অনুমোদিত প্রকল্পগুলো জরুরী ভিত্তিতে শেষ করতে হলে আরএফকিউ (RFQ) আহবানের মাধ্যম বাস্তবায়ন করতে হবে। উপজেলা পরিষদের অভ্যন্তরে | ৪. স্থানীয় সরকার বিভাগ (উপজেলা-২ শাখা) এর স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪.৭২৫, তারিখ- ০৯ মার্চ, ২০২৫ খ্রিঃ মূলে উপজেলা পরিষদ ভবন মেরামত, উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটারের, নন গেজেটেড কোয়াটার মেরামত, উপজেলা পরিষদের বাউন্ডারী দেওয়াল মেরামত, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও উপজেলা পরিষদের অভ্যন্তরীণ স্থাপনাসমূহ মেরামত সংস্থার বাবদ প্রাপ্ত ৪০.০০ লক্ষ টাকার কাজ | ৪.উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | অনুমোদিত প্রকল্পগুলো জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য (RFQ) আহবানের মাধ্যম বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতক্রমে গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জকে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | (RFQ) আহবানের মাধ্যম বাস্তবায়ন করতে হবে। | |
| | | ৫. আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে সরকারি অফিস আদালত ২৮/৩/২০২৫ হতে ০৫/৪/২০২৫ খ্রিঃ পর্যন্ত বন্ধ থাকবে। বন্ধকালীন সময়ে উপজেলা পরিষদের আইনশৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণ করা লক্ষ্যে সিসি ক্যামেরগুলো পুনরায় মেরামত করা হয়। উক্ত মেরামত বাবদ ২৫,৫০০/- টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ৫. উপজেলা পরিষদের আইনশৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণ করা লক্ষ্যে সিসি ক্যামেরগুলো পুনরায় মেরামত করা হয়। উক্ত মেরামত বাবদ ২৫,৫০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | ৫.উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ |
| | | ৬. উপজেলা পরিষদের কম্পিউটারের টুনার ও ফটোকপি মেশিনের কালি ও অন্যান্য যন্ত্রাংশ বাবদ ৯৩০০/- টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ৬. উপজেলা পরিষদের কম্পিউটারের টুনার ও ফটোকপি মেশিনের কালি ও অন্যান্য যন্ত্রাংশ বাবদ ৯৩০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | ৬.উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ |
| | | ৭. উপজেলা পরিষদের ঈদের ছুটির সময় বাড়িত নিরাপত্তার জন্য ০২ আনসার সদস্যকে ০৭ দিন ডিউটিতে রাখার জন্য গ্রামপুলিশ সদস্যকে দায়িত্ব দেওয়া হয়। উক্ত দায়িত্ব ভাতা ৫৫০/ টাকা করে ৭ দিনে ০২ জনের ৭৭০০ উপজেলা পরিষদের নিরাপত্তা খাত হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ৭. উপজেলা পরিষদের ঈদের ছুটির সময় বাড়িত নিরাপত্তার জন্য ০২ আনসার সদস্যকে ০৭ দিন ডিউটিতে রাখার জন্য গ্রামপুলিশ সদস্যকে দায়িত্ব দেওয়া হয়। উক্ত দায়িত্ব ভাতা ৫৫০/ টাকা করে ৭ দিনে ০২ জনের ৭৭০০ উপজেলা পরিষদের নিরাপত্তা খাত হতে পরিশোধ করতে হবে। | ৭.উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ |
| | | ৮.চেয়ারম্যান পশ্চিম বীরগাও জানান যে পশ্চিম বীরগাও ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডের জয়সিদ্ধি গ্রামে ০৪ টি বাড়িতে অগ্নিকান্ডে ব্যপক ক্ষয়ক্ষতি হয়। উক্ত অগ্নিকান্ডে প্রায় ২৫-৩০ লক্ষ টাকার আর্থিক ক্ষতি হয়। ক্ষতিগ্রস্থ পরিবারকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক সহযোগিতা প্রদানের জন্য সভায় অনুরোধ করা হয়।<br><br>৯. পূর্ব বীরগাও ইউনিয়নে ০৬ নং ওয়ার্ডে বীরগাও গ্রামের জনাব শাম্মু মিয়া, পিতা-মৃত-আজমান উল্লা এর বাড়িতে ২৪/০২/২০২৫ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকায় গ্যাস সিলিন্ডার বিস্ফোরিত হয়ে অগ্নিকান্ডে ব্যপক অগ্নিকান্ডের ক্ষয়ক্ষতি ঘটে উক্ত পরিবারকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক সহযোগিতা প্রদানের জন্য সভায় অনুরোধ করা হয়। | ৮. পূর্ব বীরগাও ও পশ্চিম বীরগাও ইউনিয়নের ক্ষতিগ্রস্থ পরিবারকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক সহযোগিতা করতে হবে। | ৮.উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ |
| | | ১০. প্রেস ক্লাব, সভাপতি, শান্তিগঞ্জ প্রেস ক্লাবের উন্নয়নের জন্য এবং অফিসের কম্পিউটার সামগ্রী ব্যবহারের জন্য প্রসেসর, মাদারবোর্ড, র‍্যাম, হার্ড ডিস্ক, মনিটর, কিবোর্ড, ক্যাচিং, পাওয়ার সাপ্লাই, ইউপিএস ও অন্যান্য সামগ্রী ক্রয় বাবদ ৫৭৫০০/ টাকা বরাদ্দ প্রদানের জন্য আবেদন করেছেন। আবেদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ মতামত প্রদান করেন যে, উপজেলা পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল থেকে বিল পরিশোধ করার জন্য মতামত প্রদান করেন। | ১০. শান্তিগঞ্জ প্রেস ক্লাবের উন্নয়নের জন্য এবং অফিসের কম্পিউটার সামগ্রী ব্যবহারের জন্য প্রসেসর, মাদারবোর্ড, র‍্যাম, হার্ড ডিস্ক, মনিটর, কিবোর্ড, ক্যাচিং, পাওয়ার সাপ্লাই, | ৯-১৩.উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ ও উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ১১. আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে আইনশৃংখলা রক্ষা ও উপজেলা পরিষদের নিরাপত্তা বিধানের স্বার্থে অত্র উপজেলা পরিষদে স্থাপিত সিসি ক্যামেরাগুলোর মেরামত করা হয়েছে উক্ত মেরামত বাবদ ২৬,৫০০/- টাকা ব্যয় করা হয়েছে। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ইউপিএস ও অন্যান্য সামগ্রী ক্রয় বাবদ ৫৭৫০০/ টাকা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১১. উপজেলা পরিষদে স্থাপিত সিসি ক্যামেরাগুলোর মেরামত করা হয়েছে উক্ত মেরামত বাবদ ২৬,৫০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | |
| | | ১২. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ সভায় আলোচনা করেন যে, ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস-২০২৫ যথাযোগ্য মর্যদায় পালনের নিমিত্তে সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দের ঐকান্তিক চেষ্টা এবং সহযোগিতার কথা উল্লেখ করে দিবসটি উদযাপনের বিভিন্ন আনুষ্ঠানিকতা সম্পন্ন করার জন্য অর্থ সংগ্রহের বিষয়ে গুরুত্বারোপ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর অনুযায়ী জাতীয় দিবস উদযাপনের নিমিত্তে বৎসরে সর্বোচ্চ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। নির্দেশিকার আলোকে বিভিন্ন আনুষ্ঠানিকতার ব্যয়ভার নির্বাহের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের জন্য প্রস্তাব করেন | ১২. ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস-২০২৫ যথাযোগ্য মর্যদায় পালনের নিমিত্তে বিভিন্ন আনুষ্ঠানিকতার ব্যয়ভার নির্বাহের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করতে হবে। | |
| | | ১৩. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ সভায় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের ০৫ টি কনফারেন্স টেবিল, অতিথিদের জন্য ০৫ টি চেয়ার ও উপজেলা পরিষদের ব্যবহারের জন্য ০২ সেট সিঙ্গেল সোফা ও ০২ সেট ডাবল সোফা (মডেল- Conference Room Table- N0. 5 Host Chair 05, Brand-Regal - SOFA-AMELIA SSC-392-3-1-20 (Fabric) No.02, Brand-Regal - SOFA-AMELIA SDC-392-3-1-20 (Fabric) No.02) ক্রয় করার জন্য উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করা করেন। এ বিষয়ে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ (ছ) অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। | ১৩. উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের ০৫ টি নতুন টেবিল ও উপজেলা পরিষদের ব্যবহারের জন্য ০২ সেট সিঙ্গেল সোফা ও ০২ সেট ডাবল সোফা ক্রয় করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ (ছ) অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সুকান্ত সাহা)
প্রশাসক
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারকনং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২১- ২৯৬ তারিখ: ১৩/৩/২০২৫ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩.পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০৪. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫. উপজেলা ..................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৬. জনাব...................................................................................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৭. সহকারীপ্রোগ্রামার, উপজেলাকার্যালয়, শান্তিগঞ্জ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।(তাঁকে কার্যবিবরণীর কপিটি সংশ্লিষ্ট ওয়েবপোর্টাল/ফেইসবুক পেইজে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৮.চেয়ারম্যান ...................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
০৯. জনাব/জনাবা.......................................................................................

(সুকান্ত সাহা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ